মেহেরপুর হাসপাতালে রোগীর ব্যাতীক্রমী উদ্যোগ : সুস্থ্য হয়ে ফুল বিনিময়

আমরা সচারচর দেখে আসছি রোগিকে ফুল বা ফল নিয়ে দেখতে আসেন স্বজনেরা। কিন্তু এবার রোগী নিজেই সুস্থ হয়ে হাসপাতালের সব রোগীদের মাঝে ফুল দিয়ে শুভেচ্ছা বিনিময় করেছেন।

এই ব্যাতীক্রম ঘটনাটি ফটে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে। সদর উপজেলার গোপালপুর দক্ষিণ পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার উদ্দিন এই ফুল বিনিময় করেন।

গত ১ তারিখে হাসপাতালে অসুস্থ অবস্থায় ভর্তি হোন তিনি। পরে ডাক্তার এবং নার্সদের সেবায় ভালো হওয়ায় আজ শনিবার দুপুরে তিনি হাসপাতাল থেকে রিলিজ নেন।

আর বাড়ি ফিরে যাওয়ার সময় হাসপাতালে ভর্তি থাকা অন্যান্য রোগিদের সুস্থতা কামনা করে একটি করে গোলাপ ফুল দিয়ে শুভেচ্ছা বিনিময় করেন। পরে হাসপাতালে কর্মরত নার্সদের মাঝেও তিনি ফুল বিতরণ করেন।

শিক্ষক বখতিয়ার উদ্দিন বলেন, আগের চিকিৎসা ব্যবস্থা এবং বর্তমানে চিকিৎসা ব্যবস্থা অনেক এগিয়ে গেছে, সারা বাংলাদেশে স্বাস্থ্য সেবার মান ভালো চান। ফুল মানুষের মনকে ভালো করে আর তাই রোগিদের মাঝে ফুল দিয়েছেন।

এই ব্যাতীক্রমী উদ্যোগে হাসপাতাল কতৃপক্ষ সহ রোগীরাও জানান খুশি হওয়ার কথা।

নিজস্ব প্রতিনিধি:

গাংনীতে গণিত উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে জেলা ব্যাপী গণিত উৎসব অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকলে সময় গাংনী মহিলা ডিগ্রী কলেজে এ অনুষ্ঠান শুরু হয়।

গাংনী গণিত পরিবারের সভাপতি মুনিম হাসান শাফা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ মোহাঃ রবিউল ইসলাম, কুষ্টিয়া সার্কেল এন সওজ এর তত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আবু হেনা মোস্তফা কামাল, উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান, পৌর মেয়র আশরাফুল ইসলাম, মোঃ মখলেছুর রহমান, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ ওবাইদুর রহমান, জেলা পরিষদের সদস্য মোঃ মজিরুল ইসলাম প্রমুখ।

মেহেরপুর জেলার প্রায় ৮০টির অধিক শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষুদে গনিতবিদ গণিত উৎসবে অংশগ্রহন অংশগ্রহন করেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় নিহত ১

মেহেরপুরের গাংনীতে সড়ত দুর্ঘটনায় আকতার নামের এক গম মাড়াই গাড়ি চালক নিহত হয়েছে। শনিবার দুপরে উপজেলার বাওট বাজারে এ দুর্ঘটনা ঘটে।

নিহত আকতার হোসেন হিজলবাড়িয়া গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে। স্থানীয়রা জানান, গম মাড়াই মেশিন নিয়ে যাওয়ার সময় পিছন থেকে কুষ্টিয়অগামী একটি ট্রাক ধাক্কা দিলে সে রাস্তায় পড়ে যায়।

এ সময় ট্রাকটি তার মাথায় উপর দিয়ে গেলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

[redacted]

[redacted]

গাংনীতে কলেজ ছাত্রীকে শ্লীলতাহানির চেষ্টা: ৪ জনের বিরুদ্ধে মামলা

মেহেরপুরের গাংনীতে প্রকাশ্য দিবালোকে কলেজ ছাত্রীকে জোরপূর্বক শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে রাব্বি হোসেন (২২) সহ ৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

শুক্রবার ঐ কলেজ ছাত্রীর ভাই ইসতিয়াক আহমেদ বাদী হয়ে গাংনী থানায় মামলাটি দায়ের করেন। এ ঘটনায় কাজীপুর বর্ডার পাড়ার রেজাউল হকের ছেলে ডিস ব্যবসায়ী লম্পট শাহরিয়ার হোসেন রাব্বিকে গ্রেফতার করেছে পুলিশ।

মামলার বিবরণে জানা গেছে, গাংনীর সীমান্তবর্তী কাজীপুর ডিগ্রী কলেজের নতুন ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবনে কলেজ চলাকালীন দুপুর সাড়ে ১২ টার সময় কলেজের সিঁড়ি থেকে পূর্বপরিকল্পিতভাবে কলেজের ১ম বর্ষের ছাত্রী (কাজলী-ছদ্মনাম)কে জোরপূর্বক ধরে নিয়ে ৪র্থ তলার উপরের সিড়িতে নিয়ে (চিলে কোঠা) টানা হেঁচড়া করে এবং ছাত্রীর স্পর্শকাতর স্থানে জড়িয়ে ধরে শ্লীলতাহানির চেষ্টা চালায়। এসময় তাকে সহায়তাকারী কাজীপুরের সাজ্জাদ, ঘরামী পাড়ার মন্টুর ছেলে সাঈদ ,ফরিদের ছেলে ফারুক ও হোসেন সিঁড়ির গেটে পাহারাদার হিসাবে অপেক্ষা করছিল। উদ্দেশ্য ছিল ছাত্রীটিকে পালাক্রমে ধর্ষন করার।

এসময় শ্লীলতাহানির স্বীকার ছাত্রীর বান্ধবী ঝর্ণা অবস্থা বেগতিক দেখে তার ক্লাসের বন্ধু রুবেলকে বিষয়টি জানায়। রুবেল তার বান্ধবীকে উদ্ধারের জন্য পার্শ্ববর্তী তাইয়ূম আলীর সহযোগিতায় মেয়েটিকে উদ্ধার করে।

ততক্ষণে লম্পট দল পালিয়ে যায়। এসময় কলেজের অধ্যক্ষ মোকাদ্দেসুর রহমানের অবর্তমানে ভাইস প্রিন্সিপাল রফিকুজ্জামান প্রশাসনের সহযোগিতা কামনা করেন।কলেজে প্রকাশ্যে এরকম ঘটনায় অভিভাবকগন উদ্বিগ্ন হয়ে পড়েছে।

এব্যাপারে গাংনী থানা ইনচার্জ ওবাইদুর রহমান জানান, কলেজ ছাত্রী উত্যক্তকারী রাব্বিকে আটক করা হয়েছে॥ শিশু ও নারী নির্যাতন দমন আইনের ১০(৩০) ধারায় মামলা হয়েছে। মামলা নং ০২। তাং ০৪-১০-১৯।

জড়িত অন্যান্যদেরকের আটক করে আইনের আওতায় আনা হবে। কাউকে ছাড় দেয়া হবে না।

গাংনী প্রতিনিধি :

মেহেরপুরে জন প্রশাসন প্রতিমন্ত্রীর সনাতন ধর্মাবলম্বীদের সাথে মত বিনিময়

অতীতের জঙ্গীবাদ, ধর্মীয় অনুভূতিতে আঘাত থেকে বেরিয়ে এসে বর্তমান সরকার জাতি ধর্ম নির্বিশেষে সম্পৃতির বন্ধনে আবদ্ধ থেকে কাজ করছে। হিন্দু মুসিলিম কোন ভেদাভেদ নেই। কারণ হিন্দু মুসলিম একই বৃন্তের দুটি ফুল।

শুক্রবার মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি সনাতন ধর্মাবলম্বীদের সাথে শারদীয় শুভেচ্ছা বিনিময়ে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। জেলা প্রশাসক মো. আতাউল গনির সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক যথাক্রমে (সার্বিক) ইবাদত হোসেন, (রাজস্ব) তৌফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, পূজা উদযাপন পরিষদের সভাপতি ডা. রমেশ চন্দ্র নাথ, ডা. অলোক কুমার দাস, পাবলিক প্রসিকিউটর (পিপি) পল্লব ভট্টাচার্য, জেলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শ্বাশত নিপ্পন চক্রবর্তী, বামনপাড়া পুজা উদযাপন কমিটির সভাপতি চায়না দাস প্রমুখ।

প্রতিমন্ত্রী সদর উপজেলার ১৩টি পূজা উদযাপন কমিটির নেতৃবৃন্দের হাতে পূজা উদযাপনে আর্থিক সহযোগিতা হিসেবে ৫শ কেজি চালের মূল্য হিসেবে নগদ টাকা প্রদান করেন। অনুষ্ঠানের শুরুতেই সনাতন ধর্মাবলম্বীদের পক্ষে মন্ত্রীকে ফুলের তোড়া দিয়ে শারদীয় শুভেচ্ছা জানান।

সভাপতির বক্তব্যে অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. আতাউল গনি বলেছেন মেহেরপরের মুজিবনগর যেমন বাংলাদেশের প্রথম সরকার শপথ নিয়ে মেহেরপুর ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরের একটি নাম। তেমনি সনাতন ধর্মাবলম্বীদের সাথে প্রতিমন্ত্রীর নিজ উদযোগে শুভেচ্ছা বিনিময় এটাও মেহেরপুরে প্রথম।

মেহেরপুরে সন্ত্রাসীদের দু’গ্রুপের গোলাগুলীতে বাক্কা নিহত

মেহেরপুরে দুই দল সন্ত্রাসীদের মধ্যে গোলাগুলীতে ইসমাইল হোসেন বাক্কা (৩২) নামের এক সন্ত্রাসী নিহত হয়েছে। আজ শুক্রবার রাত ৩ টার দিকে সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামের সিরাজুল ইসলামের আম বাগানে এ ঘটনা ঘটে।

ঘটনা স্থল থেকে একটি পিস্তল দুই রাউন্ড গুলি দুটি কার্তুজ ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। নিহত ইসমাইল হোসেন বাক্কা চুয়াডাঙ্গা জেলার আকন্দবাড়ি গ্রামের মোল্লা পাড়ার মৃত সাদেক আলীর ছেলে।

মেহেরপুর সদরের বারাদী ক্যাম্প ইনচার্য এস আই আব্বাস আলী জানান, সদর উপজেলার নতুন দরবেশ পুর এলাকায় গোলাগুলির শব্দ শুনে সেখানে অভিযানে যায় তারা। পরে একটি আমবাগানে গুলিবিদ্ধ অবস্থায় বাক্কাকে পড়ে থাকতে দেখে।

সেখান থেকে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

ঘটনাস্থল থেকে একটি পিস্তল দুই রাউন্ড গুলি দুটি কার্তুজ ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। সে একজন চিহ্নিত সন্ত্রাসী বলে জানায় পুলিশ।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সম্মেলন প্রস্তুতি সভা

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সম্মেলন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সম্মেলন প্রস্তুতি সভায় পৌর আওয়ামীলীগের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর শিল্পকলা একাডেমী মিলনায়তনে মেহেরপুর পৌর আওয়ামী লীগের সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মো: জয়নাল আবেদীন, জেলা পরিষদ চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর পৌর মেয়র ও যুব লীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাড. মিয়াজন আলী, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা আসকার আলী, মেহেরপুর

জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সভাপতি তহমিনা আবেদীন, সম্পাদক লাভলী ইয়াসমিন, পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আসলাম খান পিন্টু, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, আওয়ামীলীগ নেতা আব্দুল মান্নান, পৌর কাউন্সিলর ও সাবেক সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, সাবেক ছাত্র নেতা নিশান সাবের, পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব প্রমুখ।

স্বাগত বক্তব্যে রাখেন, মেহেরপুর পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: আক্কাস আলী।
মেহেরপুর -১ আসনের সাবেক সাংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি জয়নাল আবেদীন বলেন, সব কমিটিকে এক্যটিভ কমিটি করতে হবে।

জেলা পরিষদ চেযারম্যান গোলাম রসুল বলেন, দুরসময়ে যারা আওয়ামী লীগকে টিকিয়ে রেখেছিল তাদের দেখতে পাচ্ছেন এক সাথে এই মঞ্চে। আগামী কাউন্সিলে এমন লোককে নেতৃত্বে আনতে হবে যারা আওয়ামী লীগের সন্তান।

নিজস্ব প্রতিনিধি:

ইভটিজিংয়ের দায়ে ভ্রাম্যমাণ আদালতে যুবকের কারাদ্বন্ড

হরিণাকুন্ডু প্রতিনিধি:
হরিণাকু-◌ু উপজেলার ভায়না গ্রামের ভ্যান চালক সোহেল রানা (১৮) নামে এক যুবক কে ইভটিজিংয়ের দায়ে ১৫ দিনের কারাদ্বন্ড প্রদান করেছেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট। কারাদ্বন্ড প্রাপ্ত সোহেল রানা ঐ গ্রামের আশিরুল ইসলামের ছেলে। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা জানান, বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে উপজেলার পাখিমারা মাধ্যমিক বিদ্যালয়ের এক ছাত্রীকে ইভটিজিং করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এ সময় ঐ যুবককে ১৫ দিনের বিনাশ্রম কারাদ্বন্ড প্রদান করা হয়। নায়েব আলীর পূত্র জাফিরুল ইসলামের মাধ্যমে জানা যায় বৃহস্পতিবার সকাল ৯ টা ৩০ মিঃ এর সময় ভায়না গ্রামের আশিরুল ইসলামের পূত্র ভ্যান চালক সোহেল রানা (১৮) পাখিমারা গ্রামে মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেনীর ছাত্রীকে বিদ্যালয়ে না নিয়ে সিরাজুল ইসলামের বাড়ীর পার্শে পান বরজ ভিতর নিয়ে যেতে উদ্বত হলে ছাত্রীর চিৎকারে পাশের বরজে মেহনতি করা ২ জন ব্যক্তি ছুটে এসে ছাত্রীকে উদ্ধার করে এবং ভ্যান চালক সোহেলরানা কে আটকায়ে পুলিশে খবর দেয় ।

মুজিবনগরে দূর্গাপূজা উপলক্ষে

[redacted]

[redacted]